

## -ঃ ফরম পূরণের বিজ্ঞপ্তি :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ সমূহের বি.এস.-সি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পার্ট-৩ বিজ্ঞোড় সেমিস্টার/২০২২ পরীক্ষা আগামী ২৫.১১.২০২৩ তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি ও ফরম অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৯.১১.২০২৩ তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট করিয়ে ২০.১১.২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে জমা দিতে হবে।

## পরীক্ষার ফি

১।	পরীক্ষার ফি (প্রতি কোর্স) -	১,০০০/-
২।	নন কলেজিয়েট ফি -	৫০০/-
৩।	খিসিস/প্রজেক্ট পেপার মূল্যায়ন ফি -	২০০/-
৪।	কেন্দ্র ফি প্রতি বিভাগের দুই বছরের জন্য	প্রযোজ্য পরিমাণ
৫।	পরীক্ষা পরিদর্শন ফি (ভিজিটেশন) বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিদিন ১জন করে (রাজশাহী সিটি কর্পোরেশন ও রাজশাহী শহরতলীর মধ্যে)	প্রযোজ্য পরিমাণ
৬।	ব্যবহারিক পরীক্ষার ফি	
	(ক) রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর	২৬৫০০/-
	(খ) টি.এম.এস.এস. ইঞ্জিনিয়ারিং কলেজ, বগুড়া	২৫৫০০/২
	(গ) ইম্পেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, খুলনা	২৬৫০০/-
	(ঘ) পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা	২৫৫০০/২

বি.দ্র.- ড্রাফট হবে, “ রা.বি. অধিভুক্ত কলেজ তহবিল পরীক্ষা হিসাব নম্বর ০২০০০০২৯২২৩৮১, অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা।


অধ্যক্ষ ফরমের সঙ্গে ৬ (ছয়) কপি রোলসীট শিক্ষার্থী আইডি নং ও শিক্ষাবর্ষ, ছাত্রের নাম (বাংলা ও ইংরেজী) ও তার মাতা-পিতার নাম, পাঠ্য বিষয় ইত্যাদি টাইপ করে জমা দেবার জন্য অনুরোধ করা যাচ্ছে। রোলসীট এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আইডি নং ছাড়া পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ না হলে কোন ফরম গ্রহণ করা হবে না। পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট অধ্যক্ষের। অধ্যক্ষ কর্তৃক যাচাইকৃত ফরম চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রতিটি ফরমের সাথে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং পূর্ববর্তী পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি সংযোজিত করে দিতে হবে। পরীক্ষা ফরম একজন দায়িত্বশীল ব্যক্তি কর্তৃক অত্র দপ্তরে নির্দিষ্ট তারিখের মধ্যে সৌছাতে হবে।

(মোঃ আলমগীর হোসেন সরকার)

পরীক্ষা নিয়ন্ত্রক  
রাজশাহী বিশ্ববিদ্যালয়  
তারিখ : ১২.১১.২০২৩

মেমো নং- ২৭১০ (১৫)/জেসা/পঃনিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

- ১। ডীন, প্রকৌশল অনুষদ, রাঃবিঃ
- ২। প্রফেসর ড. মো. আব্দুল মতিন, ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রা.বি. এবং সভাপতি, ২০২২ সালের বি.এস.-সি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পার্ট-৩ পরীক্ষা কমিটি (অধিভুক্ত কলেজসমূহের)।
- ৩। অধ্যক্ষ, রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, জি.এল. রায় রোড, দখিগঞ্জ, রংপুর / টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেসামারা, রংপুর রোড, বগুড়া/ইম্পেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, যশোর রোড, বৈকালী, খুলনা- ৯০০০/ পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা, শালগাড়িয়া, শাপলা প্রাস্টিক মোড, হসপিটাল রোড, পাবনা-৬৬০০।
- ৪। শাখা প্রধান, বিল শাখা, প.নি.দপ্তর, রা.বি.।
- ৫। 
- ৬। অফিস নথি।

\* কামরুজ্জামান তাং-১২/১১/২০২৩ (২১৪)

উপ- পরীক্ষা নিয়ন্ত্রক  
রাজশাহী বিশ্ববিদ্যালয়